

Received by <input type="checkbox"/> e-mail <input checked="" type="checkbox"/> Courier <input type="checkbox"/> Carrier on 09/07/2024 (36)					
SSC		E&SC	Draftsman	Estimator (C)	Accounts
1	2	3	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার		
Bandladesh			নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,		
Data Entry (C)			ঝিনাইদহ জেলা, ঝিনাইদহ।		
শেখ হাসিনার মুদ্রানীতি		Audit	CCT	Filling	Sign
গ্রাম শহরের উন্নতি			S	M	



স্মারক সংখ্যাঃ-৪৬.০৩.৪৪০০.০৬১.২২.০৬০.১৮ ৩৪৪/৩

তারিখঃ ২৫/০৬/২০২৪ ইং।

বিষয়ঃ ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) এর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তর স্মারক নং-৪৬.২০৩.০০০০.০০৪.১৬.১১৬-১৮-৪৯৩, তারিখ-২০-০৩-২০২৪ ইং।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র জেলাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) এর প্রতিবেদন প্রাপ্ত “ছক” মোতাবেক প্রস্তুত করতঃ আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, উক্ত প্রতিবেদন E-mail (dpheapa18@gmail.com) এ প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ননামতে: ০১ সেট।

প্রাপকঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
বাংলাদেশ সরকার, ঢাকা।

(Handwritten signature)
২৫/০৬/২০২৪

(মো: আমিনুল ইসলাম)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ঝিনাইদহ জেলা, ঝিনাইদহ।

স্মারক সংখ্যাঃ- ৪৬.০৩.৪৪০০.০৬১.২২.০৬০.১৮- ৩৪৪/৩ (২)

তারিখঃ ২৫/০৬/২০২৪ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

- ০১। প্রোগ্রামার, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, এম আই এস ইউনিট, পরিকল্পনা সার্কেল, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা সার্কেল, খুলনা।

(Handwritten signature)
২৫/০৬/২০২৪

(মো: আমিনুল ইসলাম)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ঝিনাইদহ জেলা, ঝিনাইদহ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাচনী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

গত তিন বছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ জেলার অধীন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পৌর এলাকায় ১ টি ভূগর্ভস্থ পানি শোধনাগার, ১১ টি উৎপাদক নলকূপ, ৬০ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন এবং পল্লী এলাকায় ৫২২৬ টি বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন ও বিভিন্ন জনবহুল এলাকায় ১২ টি পাবলিক/ কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে, বিদ্যালয়ের কোমলমতি ছাত্র-ছাত্রীদের জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতি করনের লক্ষ্যে বিভিন্ন ধরনের ৪৩৭ টি পানির উৎস ও ৭০ টি ওয়াশ ব্লক নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

ঝিনাইদহ জেলাটি আর্সেনিক প্রবন এলাকায় অবস্থিত বিধায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ীকরণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এ জেলার বৃহৎ অংশ দরিদ্র জনগোষ্ঠীর মানুষের বসবাস থাকায় তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা কঠিন হয়ে পড়ে। এ চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দ। সামগ্রিক কাজের মনিটরিং ও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িতকরণ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ। পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে প্রধান অন্তরায়/সমস্যা হল এই খাতে অপ্রতুল বাজেট বরাদ্দ।

ভবিষ্যৎ পরিকল্পনা

ঝিনাইদহ জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, জেলার প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতাংশে উন্নীতকরণ এবং জাতিসংঘ ঘোষিত “টেকসই উন্নয়ন অর্জন” এর লক্ষ্যমাত্রা ৬.২ অনুযায়ী, “২০৩০ সালের মধ্যে সকলের জন্য সমতা ও পর্যাপ্ততার ভিত্তিতে স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার সুযোগ সৃষ্টি করা, খোলা জায়গায় মলত্যাগ নির্মূল করা এবং নারী ও বৃদ্ধিপূর্ণ পরিস্থিতিতে বিদ্যমান জনগোষ্ঠীর স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যার উপর বিশেষ গুরুত্বারোপ করা”।

২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন— ১০০০টি।
- আশ্রয়ণ প্রকল্পে (মুজিব বর্ষ) নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা— ৬০টি।
- পাবলিক/কমিউনিটি টয়লেট--৪টি।
- পাবলিক স্যানিটেশন এবং হাইজিন সুবিধা— ১৮টি।
- পানির গুণগতমান নিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা—১২০০টি।
- মাঠ পর্যায়ে আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রমের আওতায় পানির উৎসের পরীক্ষাকরণ-৫০০০টি।

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: